



দা য়ি ত্ব শী ল দে র দৈ নি ক

# দেশ রূপান্তর

১১-০২-২০২৪, অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে দিনব্যাপী 'ক্যারিয়ার ফেয়ার'



ছবি: সংগৃহীত

দেশের অন্যতম বেসরকারি বিশ্ববিদ্যালয় ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে দিনব্যাপী 'ক্যারিয়ার ফেয়ার' এর আয়োজন করা হয়। সন্মানজন্য দেশীয় এবং বহুজাতিক মিলিয়ে ৮-৭টি প্রতিষ্ঠান এবং তিন হাজারেরও বেশি গ্রাজুয়েট এই 'ক্যারিয়ার ফেয়ার'-এ অংশ নেন।

শনিবার (১০ ফেব্রুয়ারি, ২০২৪) এক বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে এই ফেয়ার শুরু হয়। অনুষ্ঠানে অতিথি হিসেবে যোগ দেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ড এর চেয়ারপারসন এবং এপেক্স গ্রুপের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর, অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বাংলাদেশে মার্কিন দূতাবাসের পাবলিক অ্যাফেয়ার্স কাউন্সিলার স্টিফেন ইবেলি, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক শামস রহমান, এবং বিশ্ববিদ্যালয়ের বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ফারহানা ফেরদৌসী।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির এই সুন্দর আয়োজনের প্রশংসা করেন। তারা বলেন, এই আয়োজনের মাধ্যমে শিক্ষাপ্রতিষ্ঠানের সাথে শিল্প ও ব্যবসাপ্রতিষ্ঠানগুলোর একটা সুন্দর যোগসূত্র স্থাপিত হবে। পাস করা শিক্ষার্থীরা নানান জায়গায় হয়রানি হবার বদলে এক ছাতার নিচে বিভিন্ন ধরনের করপোরেট প্রতিষ্ঠানে আবেদন করার সুযোগ পাবে। পাশাপাশি প্রতিষ্ঠানগুলোর চাহিদা সম্পর্কে জেনে নিজেদের প্রস্তুত করতে পারবে।

বাংলাদেশে মার্কিন দূতাবাস এর পাবলিক অ্যাফেয়ার্স কাউন্সিলার স্টিফেন ইবেলি বলেন, গত একদশকে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের শিক্ষার্থী ভর্তির হার বেড়েছে তিনগুণ। এবং এসব শিক্ষার্থীদের অবদানে তারা খুশি। তিনি বাংলাদেশের শিক্ষার্থীদের দূতাবাসসহ যুক্তরাষ্ট্রের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানে বেশি বেশি চাকরির আবেদন করার আহ্বান জানান।

মেলায় সরাসরি ক্যাম্পাস রিক্রুটমেন্টের পাশাপাশি ক্যারিয়ার উন্নয়ন ও প্রস্তুতিবিষয়ক বিভিন্ন পরামর্শও দেওয়া হয়। উদ্বোধনী অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যগণ, শিক্ষকমণ্ডলী এবং বিভিন্ন করপোরেট প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।